

এসইআইপি প্রকল্পের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ দিতে টিএমএসএস নির্বাচিত

০৬ জানুয়ারী, ২০১৬ ইং

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)'র আওতায় প্রশিক্ষণ দিতে নির্বাচিত হয়েছে টিএমএসএস। এ উপলক্ষে রাজধানীর মতিঝিলে বাংলাদেশ ব্যাংকের প্রধান ভবনের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে নোটিফিকেশন অ্যাওয়ার্ড হস্তান্তর ও প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমানের কাছ থেকে নোটিফিকেশন অ্যাওয়ার্ড গ্রহণ করেন টিএমএসএস'র নির্বাহী পরিচালক অধ্যাপক ড. হোসনে আরা বেগম।

এসইআইপি প্রকল্পের জন্য সারা দেশ থেকে টিএমএসএসসহ ৮টি প্রতিষ্ঠান নির্বাচিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের নির্বাহী পরিচালক নির্মল চন্দ্র ভক্তের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও এসইআইপি প্রকল্পের জাতীয় পরিচালক জালাল আহমেদ, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক আব্দুর রউফ তালুকদার প্রমুখ। —প্রেস বিজ্ঞপ্তি